

জাতীয় বিশ্ববিদ্যালয়ের আজকের পরীক্ষা স্থগিত

অনলাইন ডেক্স



জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে আজ মঙ্গলবারের (১৪ অক্টোবর)

অনুষ্ঠিতব্য ২০২৩ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্সের

তৃতীয় বর্ষের এবং সকল প্রফেশনাল কোর্সের পরীক্ষা অনিবার্য

কারণে স্থগিত করা হয়েছে।

সোমবার (১৩ অক্টোবর) রাতে বিশ্ববিদ্যালয়ের এক বিজ্ঞপ্তিতে এ

তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, স্থগিত হওয়া ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট

কোর্সের ৬ষ্ঠ পত্রের পরীক্ষা- গণিত (বিষয়কোড়: ১৩৩৭০৩)

এবং উচাঙ্গ সংগীত ব্যবহারিক (বিষয়কোড়: ১৩৪৫০২)-

আগামী ২৮ অক্টোবর ২০২৫ তারিখে অনুষ্ঠিত হবে।

তবে পূর্বঘোষিত সময়সূচি অনুযায়ী অন্যান্য পরীক্ষার তারিখ,

বিষয় ও বিষয়কোড় অপরিবর্তিত থাকবে।

প্রফেশনাল কোর্সের স্থগিত হওয়া পরীক্ষার নতুন সময়সূচি

পরবর্তীতে জানানো হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা সংক্রান্ত অথবা যে কোন তথ্যের

জন্য www.nu.ac.bd ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তি ব্যতিত

অন্য কোন সূত্র থেকে প্রাপ্ত তথ্য অনুসরণ না করার জন্য অনুরোধ

করেছে কর্তৃপক্ষ।